

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
মাননীয় মন্ত্রীর দপ্তর
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

মন্ত্রণালয়
১০২৩

ভূমি অপরাধ আইন বিষয়ক ভুয়া খবর/গুজব প্রসঙ্গে

সতর্কতামূলক গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, 'ভূমি অপরাধ প্রতিরোধ ও প্রতিকার আইন' পাস হয়েছে এবং গেজেট প্রকাশিত হয়েছে' মর্মে একটি ভুয়া খবর/গুজব সম্পত্তি বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে/ইন্টারনেটে ছড়িয়ে পড়েছে। এমনকি একটি 'ভুয়া গেজেট' অনলাইন মাধ্যমে শেয়ার করা হচ্ছে। এই ধরণের ভুয়া খবর/গুজব জনমনে বিরুপ প্রভাব ও বিভ্রান্তি সৃষ্টি করছে - যা মোটেই কাম্য নয়। এবিষয়ে সংশ্লিষ্ট সকলকে বিভ্রান্ত না হওয়ার জন্য অনুরোধ জানানো হচ্ছে।

২। প্রকৃত তথ্য হচ্ছে 'ভূমি অপরাধ প্রতিরোধ ও প্রতিকার আইন' প্রস্তুত ও অনুমোদন সংক্রান্ত কার্যক্রম চলমান রয়েছে।

৩। প্রসঙ্গত, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান অনুযায়ী বাংলাদেশে আইন প্রণয়নের ক্ষমতা একমাত্র জাতীয় সংসদের। আইন প্রণয়নের ঘটনা জাতীয় জীবনে উল্লেখযোগ্য সংবাদ, যা সাধারণত দেশের সকল ধরণের জাতীয় গণমাধ্যমে খুবই গুরুতরের সাথে প্রচারিত হয়। এছাড়া নতুন আইন প্রণয়নের পর তা সরকারি গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমেও প্রকাশ করা হয় এবং সংশ্লিষ্ট সকল সরকারি পোর্টালে প্রকাশ করা হয়।

৪। হেল্লাইন ১৬১২২ (বিদেশ থেকে +৮৮০ ৯৬১২৩ ১৬১২২) নম্বরে কল করে, কিংবা, ভূমি মন্ত্রণালয়ের সার্ভিস পেজ 'ভূমিসেবা Land Service' ফেসবুক পেজে (www.facebook.com/land.gov.bd) কমেন্ট করে কিংবা মেসেজ (বার্তা) প্রেরণ করে ভূমি সংক্রান্ত তথ্য জানা যাবে, ভূমি সেবা গ্রহণ করা যাবে এবং ভূমি বিষয়ক অভিযোগ জানানো যাবে।

৫। উল্লেখ্য, উদ্দেশ্যপ্রণোদিত ভাবে ভুয়া খবর/গুজব ইন্টারনেটে কিংবা অন্য কোনো মাধ্যমে প্রচার করা বাংলাদেশের প্রচলিত আইনে শাস্তিযোগ্য অপরাধ।

১০২৩
১১/১০/২০২৩

(সৈয়দ মোঃ আব্দুল্লাহ আল নাহিয়ান)

জনসংযোগ কর্মকর্তা

ভূমি মন্ত্রণালয়

মোবাইল: +৮৮০১৭৫৪-০৯৭২৭৯

ফোন: +৮৮০২৫৫১০০৮৭৪

ইমেইল: pro@minland.gov.bd